রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মে ৯, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরণী সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২১ বৈশাখ, ১৪২৩ বঙ্গাব্দ/০৪ মে, ২০১৬ খ্রিস্টাব্দ।

এস, আর, ও নং ১২৫-আইন/২০১৬।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার Asia Cup T20 2016 ক্রিকেট টুর্নামেন্ট উপলক্ষে—

(ক) নিম্নবর্ণিত শ্রেণী বা, প্রযোজ্য ক্ষেত্রে, ব্যক্তির আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর এবং প্রযোজ্য উৎসে আয়কর প্রদান হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথাঃ—

(১) Asian Cricket Council (ACC) ও Local Organising Committee (LOC) এর কর্মকর্তা ও কর্মচারী এবং ভলেন্টিয়ারদের বেতন ও ভাতাদি;

(২) আবাসন, নিরাপত্তা, খাবার ও পরিবহন সংক্রান্ত সেবা বাবদ প্রাপ্ত আয়;

(৩) পুরস্কারের টাকা (prize money), খেলোয়াড় এবং অফিসিয়ালদের ম্যাচ ফি, ইভেন্ট ম্যানেজমেন্ট কোম্পানী ফি, অংশগ্রহণকারী শিল্পী ও কলাকৌশলীদের ফি;

মূল্য ঃ টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

(৪) Asia Cup T20, 2016 উপলক্ষে বিভিন্ন পৃষ্ঠপোষক (sponsor) প্রতিষ্ঠানসমূহের নিকট হইতে প্রাপ্ত আয়; এবং

(৫) ম্যাচসমূহের টিকেট বিক্রয় হইতে প্রাপ্ত আয়, হসপিটালিটি বক্স সেবা প্রদান বাবদ প্রাপ্ত আয়, পৃষ্ঠপোষক (sponsor) রয়েলটি (royalty) ফি, কার পার্কিং ফি, স্টেডিয়াম এলাকায় খাবার এবং সুভিনিয়র সামগ্রী বিক্রয়কারী প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্ত আয়।

(খ) বাংলাদেশস্থ Local Organising Committee (LOC) বা Bangladesh Cricket Board (BCB) কর্তৃক Asia Cup T20 2016 ক্রিকেট টুর্নামেন্ট পরিচালনার উদ্দেশ্যে নিযুক্ত বাংলাদেশে নিবাসী (resident) কোন ব্যক্তিকে Asian Cricket Council (ACC) কর্তৃক প্রদত্ত অর্থ হইতে বেতন (salaries) পরিশোধকালে উক্ত Ordinance এর section 50 এর অধীন উৎসে আয়কর কর্তন হইতে অব্যাহতি প্রদান করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com